## AKASHVANI KOLKATA

## Regional News Unit

**Date: 30.07.2026** **Time: 1-30 PM**

**খবর পড়ছিঃ-**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১/ নিট ইস্যুতে শিক্ষার্থীদের আন্দোলনে পুলিশের পদক্ষেপকে কেন্দ্র করে বিরোধীদের প্রবল হই-হট্টগোলের জেরে সংসদের উভয় কক্ষের অধিবেশন দুপুর ২টো পর্যন্ত মুলতুবি। **#**রাজ্যসভায় আজ পাবলিক এক্সামিনেশনস (প্রিভেনশন অফ আনফেয়ার মিন্স) অ্যামেন্ডমেন্ট বিল, ২০২৬ বিবেচনা ও পাসের জন্য পেশ করা হবে।

২/ নিট পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস নিয়ে যন্তর মন্তরে শিক্ষার্থীদের আন্দোলনে র‍্যাপিড অ্যাকশন ফোর্সের ব্যবহৃত গোলাবারুদের হিসাব বা 'অ্যামোনিশন লগ' সংরক্ষণ করার জন্য কেন্দ্রকে নির্দেশ সুপ্রিম কোর্টের।

৩/ বিহার, গুজরাত এবং মধ্যপ্রদেশে তিনটি বিধানসভা কেন্দ্রে উপনির্বাচনের জন্য ভোটগ্রহণ চলছে।

৪/ প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিংহ আজ নতুন দিল্লিতে সশস্ত্র বাহিনীর মহিলা নৌ-অভিযাত্রী দলের সঙ্গে সাক্ষাৎ ক'রে তাঁদের অসাধারণ সাফল্য ও দৃঢ় সংকল্পের প্রশংসা করেছেন।

৫/ ইউক্রেনে রুশ ক্ষেপণাস্ত্র হামলায় দুই শিশু সহ আটজনের প্রাণহানি। ইরানেও নতুন ক'রে মার্কিনী আক্রমণ। মিশরের বন্দরেও হামলার খবর।

৬/ ভারতের পুরুষ ক্রিকেট দলের অভিজ্ঞ ব্যাটার অজিঙ্ক রাহানে আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসর ঘোষণা করেছেন।

**********************************************************************

নিট ইস্যুতে দিল্লির যন্তর মন্তরে পড়ুয়াদের আন্দোলনের সময় পুলিশের পদক্ষেপকে কেন্দ্র করে বিরোধীদের প্রবল হই হট্টগোলের জেরে লোকসভার অধিবেশন দুপুর ২টা পর্যন্ত মুলতবি করা হয়েছে। সকালে ১১টায় অধিবেশন শুরু হলে, লোকসভা স্পিকার ওম বিড়লা গ্লাসগোতে অনুষ্ঠিত ২৩তম কমনওয়েলথ গেমসে পুরুষদের ১০০ মিটার দৌড়ে স্বর্ণপদক জয়ী প্যারা অ্যাথলিট দিলীপ গাভিত এবং রৌপ্যপদক জয়ী মোহাম্মদ বাসিলকে অভিনন্দন জানিয়ে বলেন তাঁদের সাফল্য দেশের গৌরব বৃদ্ধি করেছে।
পরে, প্রশ্নোত্তর পর্ব শুরু করতে গেলে বিরোধী সদস্যরা ছাত্র আন্দোলনে পুলিশের ভূমিকা নিয়ে স্লোগান দিতে শুরু করেন এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের বক্তব্য দাবি করেন। অধ্যক্ষ শ্রী বিড়লা বলেন, প্রশ্নোত্তর পর্ব

সংসদের সবচেয়ে গুরুত্বপূর্ণ কার্যক্রম এবং এটি সদস্যদের জন্য নির্ধারিত। তিনি আরও বলেন, সভার কার্যক্রমে বিঘ্ন ঘটানো সংসদীয় ঐতিহ্যের পরিপন্থী।

( বাইট- ওম বিড়লা )

হই-হট্টগোল চলতে থাকায় অধ্যক্ষ অধিবেশন দুপুর ২টা পর্যন্ত মুলতবি করেন।

*************************************************************************

রাজ্যসভায় আজ পাবলিক এক্সামিনেশনস (প্রিভেনশন অফ আনফেয়ার মিন্স) সংশোধনী বিল, ২০২৬ বিবেচনা ও পাসের জন্য পেশ করা হবে। কর্মী, জনঅভিযোগ ও পেনশন বিষয়ক প্রতিমন্ত্রী ডঃ জিতেন্দ্র সিংহ এই বিলটি আজ বিকেলে উপস্থাপন করবেন।

সকাল ১১টায় অধিবেশন শুরু হলে, রাজ্যসভার চেয়ারম্যান সি পি রাধাকৃষ্ণন বলেন, সদস্যদের কাছে বিলের কপি বিতরণ করা হয়েছে যাতে তাঁরা সংশোধনী প্রস্তাব আনতে পারেন।

উল্লেখ্য, বিলটি গতকাল লোকসভায় পাস হয়েছে।

বিলটিতে ফাস্ট ট্র্যাক কোর্ট গঠন ও পরীক্ষায় অসদাচারণের বিরুদ্ধে কঠোর শাস্তির বিধান রাখা হয়েছে। এই বিলের মাধ্যমে পাবলিক এক্সামিনেশন্স প্রিভেন্সন অফ আনফেয়ার মিনস আইনের সংশোধন করা হল। ‘পাবলিক এক্সামিনেশন্স প্রিভেন্সন অফ আনফেয়ার মিনস সংশোধনী বিল ২০২৬’ বেশ কিছু গুরুত্বপূর্ণ ধারা যুক্ত করা হয়েছে। রয়েছে, দশ বছর পর্যন্ত কারাবাস, ১০ কোটি টাকা পর্যন্ত জরিমানা এবং অভিযোগ প্রমাণিত হলে দোষী ব্যক্তিদের সম্পত্তি বাজেয়াপ্ত করার বিধানও সংশোধনীতে বলা হয়েছে। প্রতিটি রাজ্য সরকার, কেন্দ্র শাসিত অঞ্চলের প্রশাসন প্রতিদিনের শুনানির জন্য বিশেষ ফাস্ট ট্র্যাক কোর্ট গঠন করবে। এছাড়া, অপরাধের তদন্ত দুই মাসের মধ্যে শেষ করতে হবে এবং চার্জশিট দাখিলের পর তিন মাসের মধ্যে বিচার সম্পন্ন করতে হবে।

এর আগে শূন্যকাল বা জিরো আওয়ার চলাকালীন, কংগ্রেসের প্রমোদ তিওয়ারি NEET পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস নিয়ে শিক্ষার্থীদের বিক্ষোভের সময় পুলিশের কথিত পদক্ষেপের বিষয়টি উত্থাপন করেন। তিনি কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের জবাবদিহি চান। জবাবে কেন্দ্রীয় মন্ত্রী তথা সদনের নেতা জে পি নাড্ডা বলেন, বিরোধীদের একমাত্র লক্ষ্য হলো সভার কার্যক্রমে ব্যাঘাত ঘটানো। প্রকৃত কোনও ইস্যু নেই বলেই বিরোধীরা এ-নিয়ে অহেতুক রাজনীতি করছে বলে শ্রী নাড্ডা অভিযোগ করেন। তিনি বলেন, নরেন্দ্র মোদী সরকার প্রতিটি বিষয় নিয়ে আলোচনা করতে প্রস্তুত এবং সব বিষয়ে আলোচনার জন্য সর্বদা প্রস্তুত রয়েছে।

এরপর কংগ্রেস, সমাজবাদী পার্টি এবং তৃণমূল কংগ্রেসসহ বিরোধী দলগুলো রাজ্যসভা থেকে ওয়াকআউট করে।

বিরোধীদের হই-হট্ট গোলের জেরে লোকসভার মত রাজ্যসভাও দুপুর দুটো পর্যন্ত স্থগিত করা হয়।

*************************************************************************

নিট পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস নিয়ে শিক্ষার্থীদের আন্দোলনের সময় যন্তর মন্তরে মোতায়েন র‍্যাপিড অ্যাকশন ফোর্সের ব্যবহৃত গোলাবারুদের হিসাব বা 'অ্যামোনিশন লগ' সংরক্ষণ করার জন্য সুপ্রিম কোর্ট আজ কেন্দ্রকে নির্দেশ দিয়েছে। আইনশৃঙ্খলা পরিস্থিতি সামাল দিতে ধাতব পেলেট গান ব্যবহারের ওপর সম্পূর্ণ নিষেধাজ্ঞার আর্জি জানিয়ে দায়ের করা একটি আবেদনের প্রেক্ষিতে শীর্ষ আদালত এই নির্দেশ দেয়। 'ব্যুরো অফ পুলিশ রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট'-এর নির্দেশিকার উল্লেখ করে আদালত জানায়, বিশেষ পরিস্থিতিতে পেলেট গান ব্যবহারের আইনি ক্ষমতা পুলিশের রয়েছে।

আন্দোলনের সময় পেলেট গানের আঘাতে যারা আহত হয়েছেন, তাদের যেন সর্বোত্তম চিকিৎসা প্রদানের জন্য দিল্লি সরকারকে নির্দেশ দিয়েছে প্রধান বিচারপতি সূর্য কান্ত এবং বিচারপতি জয়মাল্য বাগচী ও বিচারপতি ভি মোহানার বেঞ্চ।

************************************************************************

বিহার, গুজরাট এবং মধ্যপ্রদেশের তিনটি বিধানসভা কেন্দ্রে উপনির্বাচনের জন্য ভোটগ্রহণ চলছে। বিহারের বাঁকিপুর, গুজরাটের মঞ্জলপুর এবং মধ্যপ্রদেশের দাতিয়া কেন্দ্রে ভোট নেওয়া হচ্ছে। পাটনার বাঁকিপুর বিধানসভা কেন্দ্রে সকাল ১১টা পর্যন্ত ১১ দশমিক ৫ শতাংশ ভোট পড়েছে। গুজরাটের মঞ্জলপুর কেন্দ্রে ভোটদানের হার ছিল ১৪ দশমিক ২/৭ শতাংশ। মধ্যপ্রদেশের দাতিয়া কেন্দ্রে ভোট পড়েছে ৩২ দশমিক ৫/৩ শতাংশ। ভোটগ্রহণ চলবে সন্ধ্যা ৬টা পর্যন্ত।

************************************************************************

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ রাষ্ট্রপতি ভবনে ছত্তিশগড়ের বস্তারে দশেরা উৎসবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনকারী বিভিন্ন আদিবাসী সম্প্রদায়ের প্রতিনিধিদের সঙ্গে সাক্ষাৎ করবেন। ১৬৪ সদস্যের দলে বিশিষ্ট আদিবাসী যুব শিল্পী ও বস্তারের পদ্মশ্রী প্রাপকরা রয়েছেন। ছত্তিশগড়ের মুখ্যমন্ত্রী বিষ্ণু দেও সাঁই সেখানে উপস্থিত থাকবেন।

************************************************************************

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং আজ নতুন দিল্লিতে সশস্ত্র মহিলা নৌ-অভিযাত্রী দলের সঙ্গে সাক্ষাৎ করে, তাঁদের অসাধারণ সাফল্য ও দৃঢ় সংকল্পের প্রশংসা করেন। শ্রী সিং বলেন, আইএএসভি ত্রিবেণীতে সমুদ্রপথে তাঁদের সফল বিশ্বপরিক্রমা জাতির জন্য অত্যন্ত গর্বের বিষয়। তিনি আরও বলেন ,এই দল শুধু সমুদ্র জয় করেনি, বরং মহিলাদের জটিল সামরিক অভিযানে অংশগ্রহণের সক্ষমতা নিয়ে প্রশ্ন তোলার দীর্ঘদিনের প্রচলিত ধ্যানধারণা ভেঙে দিয়েছে ।

( BYTE - রাজনাথ সিংহ )

মন্ত্রী বলেন, এই অভিযান প্রমাণ করেছে  শারীরিক সক্ষমতা, মানসিক দৃঢ়তা এবং নেতৃত্বের গুণ লিঙ্গ দ্বারা নির্ধারিত হয় না। তিনি আরও বলেন, মহিলা নৌ-অভিযাত্রী  দলের এই সাফল্য দেশের প্রতিটি মহিলার  জন্য অনুপ্রেরণা এবং তাঁদের এই সাফল্য দেশের  তরুণীদের বড় স্বপ্ন দেখতে, চ্যালেঞ্জ অতিক্রম করতে এবং জাতি গঠনে অবদান রাখতে উৎসাহিত করবে।

**********************************************************************

ভারতের প্রথম টেলিকম পণ্য উৎপাদন অঞ্চল বা টেলিকম ম্যানুফ্যাকচারিং জোন মধ্যপ্রদেশের গোয়ালিয়রে স্থাপন করা হবে। নতুনদিল্লিতে আজ এই উপলক্ষ্যে কেন্দ্রের টেলিযোগাযোগ দফতর এবং মধ্যপ্রদেশ সরকারের মধ্যে এ-বিষয়ে একটি সমঝোতা স্মারকপত্র – মৌ স্বাক্ষরিত হবে। অনুষ্ঠানে উপস্থিত থাকবেন মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী ড. মোহন যাদব। চুক্তি স্বাক্ষরের পর একটি ‘স্পেশাল পারপাস কোম্পানি’ গঠন করা হবে এবং আনুষ্ঠানিকভাবে প্রকল্পের কাজ শুরু হবে। প্রায় ৩৫০ একর এলাকা জুড়ে এই জোনটি গড়ে তোলা হবে। এখানে মোবাইল ফোন, টেলিকম সরঞ্জাম, অপটিক্যাল ফাইবার, সেমিকন্ডাক্টর এবং 5G ও 6G প্রযুক্তি সংক্রান্ত পণ্য উৎপাদন করা হবে।

**********************************************************************

অত্যাধুনিক উৎপাদন ব্যবস্থা, ইলেকট্রনিক্স, সেমিকন্ডাক্টর এবং প্রযুক্তি ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতা বাড়ানোর লক্ষ্যে তাইওয়ানের বিভিন্ন কোম্পানি ও শিল্প খাতের প্রতিনিধিদের একটি উচ্চপর্যায়ের প্রতিনিধিদল গতকাল অন্ধ্রপ্রদেশের অমরাবতীতে সে-রাজ্যের মুখ্যমন্ত্রী এন. চন্দ্রবাবু নাইডুর সঙ্গে সাক্ষাৎ করে। বৈঠকে মুখ্যমন্ত্রী অন্ধ্রপ্রদেশের বিনিয়োগ-বান্ধব নীতি, শক্তিশালী পরিকাঠামো, সরবরাহ ব্যবস্থার বিষয়গুলি তুলে ধরেন। তিনি বিনিয়োগকারীদের নীতিগত স্থিতিশীলতা, দ্রুত অনুমোদন এবং প্রয়োজনীয় সহায়তা প্রদানের বিষয়ে রাজ্য সরকারের দৃঢ় প্রতিশ্রুতির কথা পুনর্ব্যক্ত করেন। তাইওয়ানের প্রতিনিধিরা ভারতে তাঁদের বিনিয়োগের অভিজ্ঞতা তুলে ধরেন এবং অন্ধ্রপ্রদেশে তাঁদের কার্যক্রম সম্প্রসারণের সুযোগ-সুবিধা নিয়ে আলোচনা করেন। উভয় পক্ষই উৎপাদন, প্রযুক্তি এবং শিল্প উন্নয়নের ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতা মজবুত করতে সম্মত হয়েছে।

**********************************************************************

ভারতীয় আবহাওয়া দফতর আজ মধ্য মহারাষ্ট্র এবং পশ্চিম মধ্য প্রদেশে বেশকিছু জায়গায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে। উত্তর-পূর্ব ভারতের কিছু অংশ, পূর্ব মধ্যপ্রদেশ, পূর্ব রাজস্হান, গুজরাট, হিমাচল প্রদেশ, কেরালা, মাহে, কঙ্কন ও গোয়া, কর্ণাটক উপকূল, হিমালয় সংলগ্ন পশ্চিমবঙ্গে ভারী থেকে অতি ভারী বৃষ্টির সম্ভাবনা। আন্দামান ও নিকোবর দীপপুঞ্জ, লাক্ষাদ্বীপ, মহারাষ্ট্র, তামিনাড়ু, পুদুচেরী, অন্ধ্র উপকূলে বজ্রবিদ্যুৎ সহ ঝড়বৃষ্টি হতে পারে।

*********************************************************************

রাজধানী কিয়েভ সহ দেশের বিভিন্ন শহরে রাশিয়ার ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলায় ইউক্রেনে দুই শিশু সহ আটজন নিহত । কিয়েভের মেয়র ভিটালি ক্লিচকো নাগরিকদের বাঙ্কারে আশ্রয় নেওয়ার জন্য অনুরোধ করেছেন।

ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি ওয়াশিংটনে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে সাক্ষাৎ এর ঠিক একদিন পরেই রাশিয়ার এই হামলা।

*********************************************************************

মার্কিন সেনাবাহিনী গত রাতে ইরানের বিরুদ্ধে ব্যাপক হামলা চালিয়েছে। যুক্তরাষ্ট্রের সেন্ট্রাল কমান্ড - সেন্টকম জানিয়েছে, জর্ডনে মার্কিন ঘাঁটি এবং হরমুজ প্রণালীতে জাহাজের ওপর ইরানের হামলার জবাবে তারা ‘ইসলামিক রেভল্যুশনারি গার্ড কোর’ - আই আর জি সি-এর বহু লক্ষ্যবস্তুতে আঘাত হেনেছে। সেন্টকম জানিয়েছে, বাণিজ্যিক জাহাজ চলাচল এবং প্রতিবেশী উপসাগরীয় দেশগুলোর জন্য ইরান ও তাদের মদদপুষ্ট গোষ্ঠীগুলির বিরুদ্ধে উপযুক্ত পদক্ষেপ নিতেই এই হামলা চালানো হয়েছে।

এদিকে, হামলায় একটি আবাসিক ভবন ক্ষতিগ্রস্ত হওয়ার পর ইরানের কেশম দ্বীপে উদ্ধারকাজ চলছে। খুজেস্তান প্রদেশের চারটি শহর, আহভাজ এবং বন্দর আব্বাসে বেশ কয়েকটি বিস্ফোরণের খবর মিলেছে। একই ধরনের শব্দ শোনা গেছে বোমুসি এবং কিশ দ্বীপ এবং হরমুজ প্রণালীর কয়েকটি জায়গা থেকেও বিস্ফোরণের শব্দ শোনা গেছে।

*********************************************************************

মধ্যপ্রাচ্যের সংকটে নতুন ক’রে জটিলতার মধ্যেই মিশরের একটি বন্দরে ড্রোন হামলায় দুটি প্রাকৃতিক গ্যাসবাহী জাহাজে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে বলে জানিয়েছে একটি সামুদ্রিক নিরাপত্তা সংক্রান্ত সংস্থা। হামলাগুলোর লক্ষ্যবস্তু ছিল মার্কিন মালিকানাধীন একটি ভাসমান সংরক্ষণ কেন্দ্র এবং গ্রিসের মালিকানাধীন একটি ট্যাঙ্কার। কোনও হতাহতের ঘটনা ঘটেনি বলে মিশরের পেট্রোলিয়াম মন্ত্রক জানিয়েছে। তবে হামলা নিয়ে বিস্তারিত কিছু জানা যায়নি। উল্লেখ্য, মার্কিন যুক্তরাষ্ট্র ও ইরানের সংঘাতে মিশর আঞ্চলিক স্তরে অন্যতম মধ্যস্থতাকারীদেশ হিসেবে কাজ করছে।

*********************************************************************

ভারতের পুরুষ ক্রিকেট দলের অভিজ্ঞ ব্যাটার অজিঙ্ক রাহানে আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসরের ঘোষণা করেছেন। সমাজমাধ্যমে এক বার্তায় রাহানে জানিয়েছেন, ক্রিকেট থেকে সরে দাঁড়ানোর এখনই উপযুক্ত সময়। ২০২৩ সালে ওয়েস্ট ইন্ডিজ সফরের জন্য টেস্ট দলে ডাক পাওয়ার পর তিনি শেষবার ভারতের হয়ে

মাঠে নেমেছিলেন। দেশের হয়ে তিনি শেষ ওয়ানডে খেলেন ২০১৮ সালে, ইংল্যান্ডের বিপক্ষে। ৩৮ বছর বয়সী এই ক্রিকেটার ভারতের হয়ে মোট ৮৫টি টেস্ট, ৯০টি ওয়ানডে এবং ২০টি টি-টোয়েন্টি ম্যাচ খেলেছেন।

**********************************************************************

স্কোয়াশে ভারতের পুরুষ দল জুনিয়র টিম চ্যাম্পিয়নশিপের সেমিফাইনালে উঠেছে। কানাডার অন্টারিওতে প্রতিযোগিতার পঞ্চম বাছাই ভারতীয় দল ইংল্যান্ডকে ২-১ গেমে হারিয়ে শেষ চারে পৌঁছায়। সেমিফাইনালে ভারত মার্কিন যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে খেলবে। তারা জাপানকে হারিয়ে শেষ চারে উঠেছে। অন্যদিকে, ভারতের মহিলা দল কোয়ার্টার ফাইনালে মার্কিন যুক্তরাষ্ট্রের কাছে ১-২ গেমে পরাজিত হয়েছে।

এদিকে, ফ্রান্সের পুরুষ দল ২৬ বছরে প্রথমবার বিশ্ব স্কোয়াশ জুনিয়র টিম চ্যাম্পিয়নশিপের সেমিফাইনালে পৌঁছে নজির গড়েছে।

**********************************************************************